

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 6·4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

- (ক) মঙ্গরাজের জমিদারির নাম কী ?
- (খ) হরকলা কার নাম ?
- (গ) “মিঞা হুকুম দিলেন ‘জলদি পোলাওয়ার বন্দোবস্ত
করো’।” এখানে ‘মিঞা’ কে ?
- (ঘ) নটবর ঘনশ্যাম বাঘসিংহ-এর কয়টি পুত্র ছিল ?
- (ঙ) বুঢ়াগোহাঁইর মেয়ের নাম কী ?
- (চ) “ভেলেকা বছর থাকিল চায়
থোলোকা বাপুৰে সুপুৰ সুপুৰ খায়।” বক্তা কে ?
- (ছ) ‘মোৰ জীৱনৰে সখা কৃষ্ণ’ গানটি নাটকে কে
গেয়েছেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আজি তিনি বছবে মাঝক তিল তিল কৈ পুৰিছ, আৰু নো কিমান দিন মোক এনে কষ্ট দিবি?” বক্তা কে? কাকে তিনি একথা বলেছেন?
- (খ) সুন্দরের রাজপ্রাসাদের যে-কোন দুজন দাসীর (লিগিরি) নাম লেখো।
- (গ) গোবিন্দপুর মৌজার একটিমাত্র পুষ্করিণীর নাম কী? এটি কে কাটিয়েছিলেন?
- (ঘ) মঙ্গরাজের মোট কতজন খেতমজুর? এদের মধ্যে ‘পাগ’ কতজন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন তিনটি) :

৫×৩=১৫

- (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাস অবলম্বনে শেখ দিলদারের কাছারি বাড়ির বর্ণনা দাও।
- (খ) গোবরা জেনা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- (গ) “ঠাকুরাণী আসিয়াছিলেন বলিয়া নিঃসন্দেহে স্থির হইল।” ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাস অবলম্বনে প্রসঙ্গটির বিবরণ দাও।
- (ঘ) ‘কারেঙর লিগিরি’ নাটকের বপুরা চরিত্রের ভেতর দিয়ে যে হাস্যরস পরিবেশিত হয়েছে তা কয়েকটি উদাহরণ দিয়ে দেখাও।
- (ঙ) ‘কারেঙর লিগিরি’ নাটকের কাহিনী নির্মাণে রাজমাতা চরিত্রের ভূমিকা কতটুকু তা লেখো।

৪। (ক) ‘কারেঙর লিগিরি’ নাটকে নারীচরিত্রগুলোর অবস্থান সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১০

অথবা

(খ) সুন্দর চরিত্রটি বিশ্লেষণ করো।

৫। (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে ঘটনার অপ্রগতিতে মঙ্গরাজ ও চম্পার গোপন সম্পর্কের ভূমিকা কতটুকু তা বিশ্লেষণ করে দেখাও। ১০

অথবা

(খ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের সমাজচিত্রটি বিশ্লেষণ করো।

৬। (ক) গোবিন্দপুর গ্রামে শরিআ হত্যা, নেত নামক গরু চুরি অন্যান্য লুণ্ঠতরাজ সম্পর্কিত অভিযোগের পুলিশি তদন্ত কীভাবে এগিয়েছিল তার বর্ণনা দাও। ১০

অথবা

(খ) ‘কারেঙর লিগিরি’ নাটকের চতুর্থ অঙ্কে বর্ণিত নাগাপর্বত পর্বের ঘটনাবলীর একটি বিবরণ দাও।
